

**U.G. 5th Semester Examination - 2021****BENGALI****Course Code: BBNGDSRT 1 & 2 (DSE 1 & 2)**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

এই প্রশ্নপত্রটিতে ২টি (DSE) প্রশ্নপত্র রয়েছে (DSE 1 এবং DSE 2)।

ছাত্র/ছাত্রীদের নির্দেশ দেওয়া হচ্ছে তারা যেন এই দুটির মধ্যে তাদের নির্বাচিত প্রশ্নপত্রটির উত্তর করে।

**Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস : (অষ্টাদশ শতাব্দী পর্যন্ত)****Course Code : BBNGDSRT 1 (DSE 1)**১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 10 = 10$ 

- ক) বিজয়গুপ্তের 'পদ্মাপুরাণ' কবে প্রথম ছাপার অঙ্করে প্রকাশিত হয়?
- খ) রামেশ্বর ভট্টাচার্য কোন্ কাব্যধারার কবি?
- গ) শ্রীচৈতন্যদেবের পিতা ও মাতার নাম লেখো।
- ঘ) বৈষ্ণব পদাবলীতে 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?
- ঙ) কাশীরাম দাস মহাভারতের কোন্ কোন্ পর্বের অনুবাদ করেছিলেন?
- চ) মুকুন্দ চক্রবর্তীর কাব্যের নাম কী?
- ছ) লাউসেন চরিত্রটি কোন্ মঙ্গলকাব্যে আছে?

- জ) সপ্তদশ শতাব্দীর দুজন খ্যাতিমান মুসলমান কবির নাম করো।
- ঝ) রামপ্রসাদ সেন কোন্ কাব্যধারার কবি?
- ঞ) 'গুণরাজ খান' কার উপাধি?
- ট) 'উজ্জ্বল নীলমণি' গ্রন্থটি কার লেখা?
- ঠ) 'মহারাষ্ট্রপুরাণ' কার লেখা?
- ড) 'এমন মানব জনম আর কি হবে। মন যা করো তুরায় করো এই ভবে।' — বাউল গানটির রচয়িতা কে?
- ঢ) এ্যান্টনি ফিরিঙ্গির আসল নাম লেখো।
- ণ) দাশরথি রায় কে ছিলেন?
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$
- ক) কৃষ্ণিবাস ওবা অনূদিত 'রামায়ণে' 'পাঁচালি'-তে মোট কটি কাণ্ড আছে? দুটি কাণ্ডের নাম লেখো।
- খ) বৃন্দাবনের ষড় গোস্বামীর দু'জনের নাম লেখো।
- গ) বাংলা ভাষায় প্রথম চৈতন্য জীবনী গ্রন্থ কোন্টি? এই গ্রন্থের রচয়িতার নাম লেখো।
- ঘ) ঘনরাম চক্রবর্তী কোন্ ধারার কবি? তাঁর রচিত কাব্য কী নামে পরিচিত?
- ঙ) শাক্ত পদাবলীতে 'আগমনী' বলতে কী বোঝানো হয়?
- চ) সৈয়দ আলাওলের অনূদিত দুটি কাব্যের নাম উল্লেখ করো।
- ছ) নাথ সাহিত্যের দুজন কবির নাম লেখো।
- জ) বাংলা সাহিত্যের একজন খ্যাতিমান বাউল সাধক ও একজন প্রসিদ্ধ কবিওয়ালার নাম করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$

- ক) বিদ্যাপতির কবি কৃতিত্ব আলোচনা করো।  
খ) মহাভারত অনুবাদক হিসেবে কাশীরাম দাসের শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।  
গ) বাংলা সাহিত্যের ইতিহাসে যুগবিভাগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$

- ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারায় মুকুন্দ চক্রবর্তীর শ্রেষ্ঠত্বের কারণগুলি সম্পর্কে আলোচনা করো।  
খ) বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।  
গ) বাংলা বাউলগানের ধারাটি সম্পর্কে আলোকপাত করো।

Course Title : বাংলা সাহিত্যের ইতিহাসে সমাজ-ধর্ম-সংস্কৃতি

Course Code : BBNGDSRT 2 (DSE 2)

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $১ \times ১০ = ১০$

- ক) 'মাণিকচাঁদের গীত' পল্লিগাথা কে প্রকাশ করেন?  
খ) বঙ্গীয় রামায়ণে ভুল্লোলচনের সঙ্গে গ্যালিক উপাখ্যানের কোন্ চরিত্রের মিল আছে?  
গ) সপ্তম শতাব্দীতে হিউ-এন-সাঙ মুঙ্গেরে কতজন পুরোহিতকে দেখেছিলেন?  
ঘ) গোরক্ষনাথ কার শিষ্য ছিলেন?  
ঙ) ডিরোজিও হিন্দু কলেজে কখন যোগদান করেন?  
চ) বাঙালি মুসলমান পরিচালিত দুটি পত্রিকার নাম লেখো।  
ছ) মহম্মদ মুকীমের প্রথম কাব্যগ্রন্থের নাম লেখো।  
জ) রামতনু লাহিড়ী কবে হিন্দু কলেজে প্রবেশ করেন?  
ঝ) কাশীতে সংস্কৃত কলেজ কার উদ্যোগে প্রতিষ্ঠিত হয়?  
ঞ) কৃষ্ণনগর কলেজে শিক্ষক হিসাবে লাহিড়ী মহাশয় কত টাকা বেতন পেতেন?  
ট) 'তিনি শিক্ষক হইয়াই জন্মেছিলেন' — এখানে কার কথা বলা হয়েছে?  
ঠ) 'বাঙ্গালা বিশ্বকোষ' কে রচনা করেন?

- ড) 'জাতি, সংস্কৃতি ও সাহিত্য' গ্রন্থে 'ঘাঘরা পরা বিদেশিনী' কাদের বলা হয়েছে?
- ঢ) 'আদিখ্যেতা' শব্দের অর্থ লেখো।
- ণ) ভারতবর্ষে সর্বাপেক্ষা অধিক সংখ্যক মানুষ মাতৃভাষা হিসেবে কোন্ ভাষায় কথা বলে?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

- ক) 'ঠাকুরদার বুলি'তে সংকলিত দুটি রূপকথার গল্পের নাম লেখো।
- খ) ধর্মমঙ্গলের পুথিতে কোন্ কোন্ নাথ গুরুর উল্লেখ আছে?
- গ) 'গোরক্ষবিজয়' এর দুজন কবির নাম লেখো।
- ঘ) ব্রজবুলি কী?
- ঙ) বাংলার প্রথম স্বাধীন হিন্দু রাজার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- চ) 'মধুমাল্লা' গ্রন্থটির বিশেষত্ব কী?
- ছ) 'হিন্দু প্যাট্রিয়ট'-এর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- জ) এ দেশীয় শিক্ষার বিস্তারে চার্লস গ্রান্টের ভূমিকা কী ছিল?

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$

- ক) বাঙালির উৎপত্তি ইতিহাস ও কৃতিত্ব বিচার করে উপস্থিত সঙ্কটকালে সুনীতিকুমার চট্টোপাধ্যায় যে মানসিক চর্চার কথা বলেছেন তার বর্ণনা দাও।

খ) শূন্যপুরাণ ও তার রচয়িতার পরিচয় দাও।

গ) 'মুসলিম মানস ও বাংলা সাহিত্য' গ্রন্থে বর্ণিত মুসলমান পীর গাজীর সঙ্গে হিন্দু দেবদেবীর সম্পর্কের দিকটি আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$

- ক) 'হিন্দু ও বৌদ্ধযুগ' প্রবন্ধে অবলম্বনে ময়নামতীর গান ও গোরক্ষবিজয় কাহিনি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- খ) 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থটি অবলম্বনে বাংলার সার্বিক উন্নয়নে রামমোহন রায়ের অবদান লেখো।
- গ) 'মুসলিম মানস ও বাংলা সাহিত্য' গ্রন্থে অবলম্বনে বাউলদের পরিচয় দাও।